

38355 - শাওয়াল মাসের দ্বিতীয় দিন রোয়া রাখা জায়েয

প্রশ্ন

ঈদের দ্বিতীয় দিন কিংবা তৃতীয় দিন কায়া রোয়া রাখা কি জায়েয আছে?

প্রিয় উত্তর

ঈদুল ফিতর শুধু একদিন। সে দিনটি হলো- শাওয়াল মাসের প্রথম দিন। পক্ষান্তরে, মানুষের মাঝে যে ধারণা ব্যাপক আকার ধারণ করেছে যে, ‘ঈদুল ফিতর তিনদিন’ এটি শুধুমাত্র সামাজিক প্রথা ছাড়া আর কিছু নয়; এর উপরে কোন শরয়ি ছুকুম বর্তায় না।

ইমাম বুখারী (রহঃ) বলেন:

“ঈদুল ফিতরের দিন রোয়া রাখা শীর্ষক পরিচেছে”

এরপর তিনি আবু সাউদ খুদরি (রাঃ) থেকে বর্ণনা করেন (হাদিস নং-১৯৯২) যে, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফিতরের দিন ও ঈদুল আযহার দিন রোয়া রাখতে নিষেধ করেছেন।

এ দলিলের ভিত্তিতে ঈদুল ফিতর শুধু একদিন মাত্র; যেদিন রোয়া রাখা হারাম। তাই শাওয়াল মাসের দ্বিতীয় দিন ও তৃতীয় দিন রোয়া রাখা হারাম নয়। তাই সে দুটি দিনে রম্যানের কায়া রোয়া রাখা কিংবা নফল রোয়া রাখা জায়েয।

আল্লাহই ভাল জানেন।